Semester – I (Hons.)
Paper – I
HISTORY OF INDIA – I (From Earliest times to
600 AD)

TOPIC – আর্যদের ভারতে আগমনকাল সম্পর্কে কি জান,

খাদ্যাভাব, স্থানাভাব, গৃহবিবাদ ইত্যাদি নানা কারণে আর্যরা তাদের আদি বাসভূমি ত্যাগ করে এশিয়া-ইউরোপের নানা দেশে ছড়িয়ে পড়ে। তাদের একটি শাখা ভারতে প্রবেশ করে। বলা বাহুল্য তাদের ভারতে প্রবেশ এককালীন কোন ঘটনার মাধ্যমে হয় নি। দীর্ঘকাল ধরে তরঙ্গের পর তরঙ্গের মত ছোট ছোট দলে আর্যরা ভারতের উত্তর-পশ্চিম সীমান্তে আঘাত হানে এবং দীর্ঘ কয়েক শত বছর ধরে তারা ধীরে ধীরে ভারতে প্রবেশ করে। তারা কবে ভারতে প্রবেশ করল তা নির্ণয় করা খুবই দুরূহ কারণ এ বিষয়ে এখনও কোন নির্ভরযোগ্য তথ্য আবিষ্কৃত হয় নি।

আর্যদের আদিনিবাস সম্পর্কে যেমন বিতর্ক রয়েছে তেমনি ভারতে আর্যদের আগমনকাল সম্পর্কেও নানা পরস্পর বিরোধী মতামত প্রচলিত আছে। ঋগ্বেদ আর্যদের প্রাচীনতম গ্রন্থ। ঋগ্বেদের রচনাকাল জানলে আর্যদের ভারতে আগমনের সময় সম্পর্কে একটি ধারণা করা যাবে। প্রথমে ঋগ্বেদের স্তোত্রগুলি রচিত হলেও তা লিপিবদ্ধ করা হত না — কানে শুনে বা স্মৃতির মাধ্যমে বংশ-পরম্পরায় তা চলে আসত। পরে তা লিপিবদ্ধ হয়। বিশিষ্ট জার্মান পণ্ডিত ম্যাক্সমুলার-এর মতে ঋগ্বেদ কোন একটি নির্দিষ্ট সময়ে রচিত হয় নি। এর বিভিন্ন অংশ রচিত হয়েছে বিভিন্ন সময়ে। তাঁর মতে ১২০০-১০০০ খ্রিস্টপূর্বাব্দের মধ্যে ঋগ্বেদের প্রধান স্তোত্রগুলি রচিত হয়েছিল। ঋগ্বেদের শেষের দিকের স্তোত্রগুলি গৌতম বুদ্ধের জন্মের ৫০০ বছর আগে রচিত হয়। চৈনিক মত অনুসারে যদি বুদ্ধের জন্মকাল ৫৬৭ খ্রীঃ পূঃ ধরা হয়, তাহলে ৫৬৭ + ৫০০ অর্থাৎ ১০৬৭ খ্রিস্টপূর্বাব্দ বা ১০০০ খ্রিস্টপূর্বাব্দ নাগাদ ঋগ্বেদের শেষ স্তোত্রগুলি রচনা হয়েছিল বলা চলে।

বিশিষ্ট জার্মান প্রত্নতত্ত্ববিদ উইন্টারনিৎস ঋগ্বেদের শ্লোকের সঙ্গে প্রাচীন পারসিকদের ধর্মগ্রন্থ 'জেন্দ আবেস্তা'-র শ্লোকের এক অদ্ভুত সাদৃশ্য লক্ষ্য করেছেন। পন্ডিতেরা 'জেন্দ আবেস্তা'-র অন্তর্ভুক্ত গাথাগুলির কাল নির্ণয় করেছেন ১০০০ খ্রিস্টপূর্বাব্দ। এর ভিত্তিতে ঋগ্বেদের রচনাকালকে ১০০০ খ্রিস্টপূর্বাব্দ বলে ধরা যায়।

মধ্য এশিয়ার বোঘাজকোই, তেল-এল-আমারনা শিলালিপির পাঠ আবিষ্কার হওয়ার পর দেখা যায় যে, এতে বৈদিক আর্যদের অনুরূপ দেবতারা ছিলেন। এই লিপি গুলির সময়কাল ১৪০০ খ্রিস্টপূর্বাব্দ অর্থাৎ তখনই সম্ভবত ঋগ্বেদ লিপিবদ্ধ হয়। যদি ঋগ্বেদকেই ভারতের প্রাচীন গ্রন্থ ধরে নেওয়া হয় তবে খ্রীষ্টপূর্ব ১৫০০-১০০০ অব্দে ঋগ্বেদ রচিত হয়েছিল। আবার যেহেতু ঋগ্বেদ আর্যদের প্রাচীনতম গ্রন্থ তাই ধরে নেওয়া যেতে পারে এই সময়ে আর্যরা ভারতে আসে। তবে আর্যদের আগমনকাল সম্পর্কিত বিষয়টি এখনও বিতর্কিত ও গবেষণা সাপেক্ষ।